গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

নথি নং-১৮.০২২.১৭০.০১৪.০০১.২০১৩(০১)/১২০ তারিখঃ ১৭ জুন ২০১৯

বিষয়ঃ নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "**Establishment of Global Maritime Distress and Safety System and Integrated Maritime Navigation (EGIMNS)**" শীর্ষক প্রকল্পের ষ্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।

গত ২৮/০৫/২০১৯ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধিন নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "**Establishment of Global Maritime Distress and Safety System and Integrated Maritime Navigation (EGIMNS)**" শীর্ষক প্রকল্পের ষ্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০১ (এক) পৃষ্ঠা।

মোঃ আরিফুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ-৯৫৪৫৪৮৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। সদস্য, কার্যক্রম বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ১৪২-১৪৩ বা/এ মতিঝিল, ঢাকা-১০০০।
৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রকল্প পরিচালক, "**Establishment of Global Maritime Distress and Safety System and Integrated Maritime Navigation (EGIMNS)**" শীর্ষক প্রকল্প, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ ঢাকা-১০০০।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি ঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, (তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে দেওয়ার জন্য অনুরোধ করা হলো)।
৩। অফিস কপি।

E:\2nd folder\Planning-3\DOS\GMDSS\Letter.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহণ মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ "Establishment of Global Maritime Distress and Safety System & Integrated maritime Navigation System (EGIMNS) শীর্ষক উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিতব্য ৬ষ্ঠ স্টিয়ারিং কমিটি (PSC) সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ আবদুস সামাদ, সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
সময় ও তারিখঃ সকাল ১১.০০ ঘটিকা, ২৮/০৫/২০১৯ ইং
স্থানঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতিঃ পরিশিষ্ট"ক"

২। আলোচনাঃ

২.১ সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রকল্পের অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করতে অনুরোধ করেন। যুগ্মপ্রধান বলেন, আলোচ্য "Establishment of Global Maritime Distress and Safety System & Integrated maritime Navigation System (EGIMNS) শীর্ষক প্রকল্পের এটি ৬ষ্ঠ স্টিয়ারিং কমিটির সভা। এ প্রকল্পটি কোরিয়ান এক্সিম ব্যাংক এবং বাংলাদেশ সরকারের আর্থিক সহায়তায় ৪৫৫ কোটি ৯৫ লক্ষ ৭৭ হাজার টাকা ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প পরিচালক প্রকল্পটির ৫ম স্টিয়ারিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে জানান, স্টীল লাইট টাওয়ার নির্মাণের অতিরিক্ত ব্যয় সংক্রান্ত বিষয়টি নিয়ে গত ২৩/১২/২০১৮খ্রি: তারিখে ইআরডিতে সভা অনুষ্ঠিত হয়। কোরিয়ান এক্সিম ব্যাংক পত্রের মাধ্যমে ঋণ বর্ধিত করণ সম্ভব নয় বলে অবহিত করেন এবং প্রয়োজনে কন্টিজেন্সি খাত থেকে অতিরিক্ত অর্থ সমন্বয়ের সুপারিশ করে। উল্লেখ্য, ঠিকাদার কর্তৃক প্রস্তুতকৃত প্রাথমিক ডিজাইন ও প্রাক্কলিত হিসাব থেকে দেখা যায় যে, DPP তে প্রাক্কলিত অর্থ স্টীল লাইট টাওয়ার নির্মাণের জন্য যথেষ্ট নয়। Contingency খাতে যে অর্থ বরাদ্দ আছে তা দিয়ে স্টীল লাইট টাওয়ার নির্মাণের জন্য অতিরিক্ত ব্যয় সংকুলান হবে না। উপরন্তু প্রকল্পের মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে কনসাল্ট্যান্ট এর সাথে চুক্তির মেয়াদও বৃদ্ধি করতে হবে। সেক্ষেত্রে কনসাল্ট্যান্টের চুক্তির মেয়াদ বৃদ্ধিজনিত কারণে প্রয়োজনীয় অতিরিক্ত অর্থ Contingency খাত হতে নির্বাহ করা হবে বিধায় স্টীল লাইট টাওয়ার নির্মাণের জন্য Contingency খাত হতে প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা যাবে না। তাই প্রয়োজনীয় অর্থ EDCF এর সহিত ঋণ চুক্তির শর্ত মোতাবেক জিওবি ফান্ড থেকে সংস্থান করতে হবে। যুগ্মপ্রধান বলেন স্টীল টাওয়ার নির্মাণে কত অর্থ লাগবে তা নিশ্চিত হয়ে ডিপিপি সংশোধনের উদ্যোগ গ্রহণ করতে হবে।

২.২ দুবলারচরের প্রিকাষ্ট পাইলিং এর পরিবর্তিত প্রস্তাব (Changed Proposal) কনসালটেন্টের মতামতের ভিত্তিতে পাইলিং সাইজ ৬০০ x ৬০০ এম.এম এর পরিবর্তে পাইলিং সাইজ ৪০০ x ৪০০ এম.এম নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক অনুমোদন করা হয়েছে। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে ইআরডি ও আইএমইডির সম্মতি পাওয়া গেছে। চূড়ান্ত অনুমোদন পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন রয়েছে। স্টীল লাইট টাওয়ার এর ডিটেইল ডিজাইন এবং চর কুকরী মুকরীতে CRS স্টেশন নির্মাণের জন্য আনুষঙ্গিক কার্যাদি সম্পন্ন না হওয়ায় কাজের সুনির্দিষ্ট এ্যাকশন প্ল্যান প্রণয়ন করা সম্ভব হয় নি। প্রকল্পের বর্তমান অগ্রগতি সম্পর্কে প্রকল্প পরিচালক জানান, ঢাকার Command & Control Centre এর ১৬৪ টি Piling এর মধ্যে ১২৬ টি Piling এর কাজ সম্পন্ন হয়েছে। আগারগাঁওস্থ Command & Control Centre এর ফাউন্ডেশন ১১

তলার, EDCF এর অর্থায়নে ৮ তলা পর্যন্ত নির্মাণ করা হবে। যেহেতু প্রকল্পটির বাস্তবায়নকাল নানাবিধ কারণে বিলম্বিত হয়েছে সেহেতু বর্ধিত ৩ তলার নির্মাণ কাজ একই সাথে জিওবি ফান্ড থেকে সংস্থান করার প্রস্তাব করেন। কক্সবাজারে Staff House এর ১ম তলার ছাদ ঢালাইয়ের কাজ সম্পূর্ণ হয়েছে। CRS ভবনের আনুভূমিক Grade Beam ২৮ টির মধ্যে ২৫ টি সম্পন্ন হয়েছে। ৩৫ মি. উচ্চতা সম্পন্ন Light Tower এর পাইলিংয়ের কাজ সম্পন্ন হয়েছে।

২.৩ কুতবদিয়ায় Staff House এর Ground Floor এর ৩৯ টি কলামের মধ্যে ৩৬ টির ঢালাই সম্পন্ন হয়েছে। CRS এর জন্য ৭.৫ ফিট মাটি অপসারণ করা হয়েছে। নিঝুমদ্বীপে CRS এর Short Column Casting ১৬ টির মধ্যে ১৪ টির কাজ সম্পন্ন হয়েছে। Deep Tubewell এখনও স্থাপিত হয়নি। নদী ভাঙনের কারণে ঢালচরের পরিবর্তে চর কুকরি মুকরিতে CRS স্থানান্তর করা হয়। চর কুকরি মুকরিতে ২৬.২৬ একর জমি রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে। ঢালচরের পরির্বতে CRS টি চর কুকরি মুকরিতে স্থানান্তরের জন্য অতিরিক্ত অর্থ বরাদ্দের প্রয়োজন হবে। চর কুকরি মুকরিতে জমি অধিগ্রহণের পর ট্রপোগ্রাফিক্যাল সার্ভে সম্পন্ন করত: লে-আউট প্ল্যান এবং সয়েল টেষ্টের স্থান নির্ধারণসহ প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনের জন্য সার্ভে রিপোর্টটি কনসালটেন্টকে প্রদান করা হয়েছে। প্রয়োজনীয় ডিজাইন এবং বিওকিউ সম্পন্ন করার পর অর্থের প্রাক্কলন করা সম্ভব হবে। এতে অতিরিক্ত অর্থের প্রয়োজন হবে যা EDCF এর সহিত ঋণ চুক্তির শর্ত মোতাবেক জিওবি ফান্ড থেকে সংস্থান করতে হবে।

২.৪ আইএমইডি'র প্রতিনিধি বলেন, পিএমআইএস সফটওয়ারে আলোচ্য প্রকল্পের তথ্যাদি নেই তাই মেয়াদ বৃদ্ধির অনুমোদন দিতে সময় বেশি প্রয়োজন হচ্ছে। সভাপতি দ্রুত পিএমআইএস সফটওয়ারে তথ্য প্রদানের জন্য নির্দেশনা দেন।

৪। সিদ্ধান্তসমূহঃ

(ক) স্টীল টাওয়ার নির্মাণের অতিরিক্ত ব্যয়, ঢালচরের পরিবর্তে কন্ট্রোল রেডিও স্টেশন চর কুকরি মুকরিতে স্থানান্তরের জন্য অতিরিক্ত ব্যয় এবং অন্যান্য যে সকল খাতে হ্রাস বৃদ্ধির প্রয়োজন হবে তা সমন্বয়পূর্বক সংশোধিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

(খ) Command & Control Centre ৮ তলা হতে ১১ তলা করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(গ) পিএমআইএস সফটওয়ারে দ্রুত তথ্য প্রদান করতে হবে।

৫। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মো[illegible]মাদ)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়